ইত্তেফাক

14/3/80

পৃষ্ঠা 1 7

011

### খাল খনন ও কাজের বিনিময়ে খাদ্য কার্যক্রম

# মহকুমা পরিদর্শন টিম প্রতিমাসে রিপোর্ট দেবে

(স্টাফ রিপোর্টার)

খাল খনন কার্যক্রম ও কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অগ্রগতি সম্পর্কে অনুসন্ধান ও সঠিক তথ্য সংগ্রহের জন্য প্রতিটি মহকুমায় একটি করে তিন সদস্য বিশিষ্ট মহকুমা পরিদর্শন টিম গঠন করা হচ্ছে।

তিনজন সদস্য সমন্বয়ে গঠিত এই টিমের প্রধান থাকবেন একজন সংসদ সদস্য। এছাড়া স্থানীয় মহকুমা প্রশাসকও এর সদস্য হবেন। যে এলাকায় জাতীয়তাবাদী দলের সংসদ সদস্য নেই সেখানে অন্য দলের সংসদ সদস্য অথবা সরকারী কর্মকর্তা এই টিমের অন্তর্ভুক্ত হবেন।

পরিদর্শন টিম প্রতিমাসে মহকুমার খাল খনন কর্মসূচী ও কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম বিতরণের ব্যাপারে কোন অনিয়ম বা অনিয়মিত পাওনা এবং প্রকল্পগুলির সঠিক বাস্তবায়ন ও প্রকল্পসমূহের উপর সুপারিশ সংক্রান্ত রিপোর্ট দেবেন। গত ফেব্রুয়ারী মাস থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। প্রেসিডেন্টের সচিবালয়ে এই রিপোর্ট পাঠানো হবে। কাজের বিনিময়ে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রিপোর্ট দেবে

১-এর পৃঃ পর

খাদ্য কর্মসূচীর উপর রিপোর্ট ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়েও পাঠানো হবে। রিপোর্টগুলির ভিত্তিতে সরকার পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

উল্লেখ্য যে এ বছর শুষ্ক মওসুমে সরকার ৮০ লক্ষ মন গম বরাদ্দ করেছেন খাল খনন ও কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর জন্য ইতিমধ্যে খাল খনন বিষয়ক স্বেচ্ছাশ্রমমূলক ১৫৪টি প্রকল্প এগিয়ে চলেছে। বর্তমান মওসুমে প্রকল্পগুলির সংখ্যা দু'শতে দাঁড়াবে বলে আশা করা যায়।